# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১১০

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩২. (মওসুমের) প্রথম দিকের পাকা ফল প্রসঙ্গে

بَاب فِي الْبَاكُورَةِ

### আরবী

أَخْبَرَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ مُحَمَّدٍ عَنْ سُهَيْلٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أُتِيَ بِالْبَاكُورَةِ بِأَوَّلِ الثَّمَرَةِ قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي مَدِينَتِنَا وَفِي ثَمَرَتِنَا وَفِي مُدِّنَا وَفِي صَاعِنَا بَرَكَةً مَعَ بَرَكَةٍ ثُمَّ يُعْطِيهِ أَصْغَرَ مَنْ يَحْضُرُهُ مِنْ الْوِلْدَانِ

### বাংলা

২১১০. আবী হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট যখন (মওসুমের) প্রথম দিকের ফল নিয়ে আসা হতো, তখন তিনি বলতেন: “আল্লাহুম্মা বারিক লানা ফী মদীনাতিনা, ওয়া ফী ছামারাতিনা, ওয়া ফী মুদ্দিনা ওয়া ফী সা’ঈনা বারাকাতুন মা’আ বারাকাতিন।” (অর্থ: হে আল্লাহ! আপনি আমাদের শহরগুলিতে, আমাদের মুদ্দে, আমাদের সা’-এ (তথা ওযনে) বেশি বেশি বরকত দান করুন।) এরপর তিনি তাঁর নিকট উপস্থিত বালকদের সর্বকনিষ্ঠ বালককে সেটি দিয়ে দিতেন।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, হাজ্জ ১৩৭৩; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৭৪৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82393

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন